

দীনী প্রশোতর

বিভাগ/অধ্যায়ঃ আকিদা'হ ও তাওহীদ রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

শোনা যায়, আল্লাহ্র চোখ আছে। এ কথা কি ঠিক?

মহান আল্লাহ্র চোখ আছে। যেহেতু তিনি নূহ (আঃ) কে বলেছিলেন "আর তুমি আমার চোখের সামনে ও আমার ওহী (প্রত্যাদেশ) অনুযায়ী নৌকা নির্মাণ কর, আর যালেমদের ব্যাপারে আমাকে কিছু বলো না। নিশ্চয় তাদেরকে ডুবানো হবে। (হুদঃ৩৭)

আর মহানবী (ﷺ) কে বলেছিলেন, তুমি ধৈর্যধারন কর তোমার প্রতিপালকের নির্দেশের অপেক্ষায়; তুমি আমার চোখের সামনেই রয়েছ। আর তুমি তোমার প্রতিপালকের সপ্রশংস পবিত্রতা ও মহিমা ঘোষণা কর যখন তুমি শয্যা ত্যাগ কর (তূরঃ৪৮)

রাসুলুল্লাহ (ﷺ) কানা দাজ্জালের কথা আলোচনা করতে গিয়ে বলেছিলেন, "আল্লাহ যে নবীই পাঠিয়েছেন, তিনি নিজ জাতিকে তাঁর ব্যাপারে ভয় দেখিয়েছেন। নূহ ও তাঁর পরে আগমনকারী নবীগণ তাঁর ব্যাপারে ভীতি প্রদর্শন করেছেন। যদি সে তোমাদের মধ্যে বের হয়, তবে তাঁর অবস্থা তোমাদের কাছে গোপন থাকবে না। তোমাদের কাছে এ কথা গোপন নয় যে, তোমাদের প্রভু কানা নয়, আর দাজ্জাল কানা হবে। তাঁর ডান চোখ কানা হবে, তাঁর চোখিট যেন (গুচ্ছ থেকে) ভেসে উঠা আঙ্গুর"। ২৯

হাদিসে "তোমাদের প্রভু কানা নন" মানেই তাঁর চোখ আছে। অবশ্য তা কেমন তা কেউ বলতে পারে না। ৩০

ফুটনোট

২৯ (বুখারী, মুসলিম ৪৪৪ নং) | ৩০ (আলবানী)

Source — https://www.hadithbd.com/books/link/?id=29

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন